ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭৬৫
শান্তিরবাজার, ১৭ মে, ২০২৫

**দক্ষিণ ত্রিপুরা জেলার ৫৫টি স্থানে ২০মে থেকে ক্রীড়া শিবির**

নেশামুক্ত ত্রিপুরা গঠন এবং গ্রামীণ ক্রীড়া প্রতিভা অন্বেষণ করার লক্ষ্যে দক্ষিণ ত্রিপুরা জেলায় এই প্রথম গ্রীষ্মকালীন ক্রীড়া শিবিরের আয়োজন করা হবে। আগামী ২০ মে থেকে ৭ জুন পর্যন্ত ১৭ দিনব্যাপী দক্ষিণ ত্রিপুরা জেলার ৮টি ব্লকের ৫৫টি স্থানে এই ক্রীড়া শিবির অনুষ্ঠিত হবে। অনুর্দ্ধ ১৭ বছর বয়সী ছেলে-মেয়েরা এই ক্রীড়া শিবিরে অংশ নিতে পারবে। স্কুলের গরমের ছুটি চলাকালীন সময়ে ছেলে মেয়েরা যাতে খেলাধুলায় মন দেয় তার জন্য জেলা প্রশাসন থেকে এই উদ্যোগ নেওয়া হয়েছে। আজ দক্ষিণ ত্রিপুরা জেলাশাসক ও সমাহর্তার কার্যালয়ের সভাকক্ষে এক সাংবাদিক সম্মেলনে দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা মহম্মদ সাজ্জাদ পি এই সংবাদ জানিয়েছেন। তিনি জানান, দক্ষিণ জেলার প্রায় ১০০০ গ্রামীণ ক্রীড়া প্রতিভা এই গ্রীষ্মকালীন ক্রীড়া শিবির থেকে বাছাই করার উদ্যোগ নেওয়া হয়েছে। ১৪টি ইভেন্টে এই ক্রীড়া শিবিরে প্রশিক্ষণ দেওয়া হবে। তিনি জানান, দক্ষিণ ত্রিপুরা জেলার ২০টি শিক্ষা প্রতিষ্ঠানে জেলা প্রশাসন থেকে ক্রীড়া সামগ্রী দেওয়া হবে। সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা প্রদীপ কে, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা প্রমোদ আচার্য, ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের সহ অধিকর্তা মিহির শীল প্রমুখ।

******